



পুণ্ড ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি

রংপুর রোড, গোকুল, বগুড়া।

স্মারক নং-PUB/২০২৬-২৬৭

তারিখ: ২৭.০৩.২০২৬ খ্রি.

নোটিশ

এতদ্বারা পুণ্ড ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি-এর সকল সম্মানিত শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পুণ্ড বিশ্ববিদ্যালয়ের পরিকল্পিত স্থাপত্য নকশা মোতাবেক মূল গেট নির্মাণের জন্য বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন থেকে লিখিত নির্দেশনা দেওয়া হয়েছে। উক্ত নির্দেশনার প্রেক্ষিতে বিশ্ববিদ্যালয়ের সার্বিক উন্নয়ন কার্যক্রমের অংশ হিসেবে গেট নির্মাণের স্থানে বিশ্ববিদ্যালয় ভবনের অংশবিশেষ ভাঙ্গা এবং গেটের পাইলিং/প্রয়োজনীয় ভিত খনন নির্মাণ কাজ করণার্থে প্রায় দুই মাসকাল বিশ্ববিদ্যালয় চত্বরের প্রধান ফটক সম্পূর্ণরূপে বন্ধ থাকবে। গেট নির্মাণ কার্যক্রম নির্বিঘ্নভাবে সম্পন্ন করার লক্ষ্যে উক্ত সময়ে সকলের চলাচলের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনাসমূহ অনুসরণ করার জন্য অনুরোধ করা হলোঃ

- বিশ্ববিদ্যালয় চত্বরে প্রবেশ ও বাহির হওয়ার জন্য মহাসড়ক সংলগ্ন পুরুষ ছাত্রাবাসের দক্ষিণ পার্শ্বের দরজা দিয়ে ভিকেলবিহীনভাবে গমনাগমন করতে হবে।
- গেট-এর কাজ চলাকালীন সময়ে পুণ্ড বিশ্ববিদ্যালয়ের পরিবহন পুলের সকল বাস/ভিকেল পুণ্ড ইকোনমিক জোন অঞ্চলের বিসিএল গ্যাস ফ্যাক্টরী চত্বর পার্কিং স্থান হিসেবে ব্যবহার করতে হবে।
- পুণ্ড বিশ্ববিদ্যালয়ের উন্নয়ন কল্পে চলাচলের সাময়িক অসুবিধার জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সকলের নিকট দুঃখ প্রকাশ করছে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে-

(ড. এস. জে. আনোয়ার জাহিদ)

রেজিস্ট্রার

পুণ্ড ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি।

২৭/০৩/২০২৬